

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা  
ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)

স্মারক নং : পরী/মাধ্য/২০২৬/৮৬২

তারিখ : ২৪/০৫/২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

**বিষয় : এসএসসি পরীক্ষা-২০২৬ এর ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর শিক্ষা বোর্ডে প্রেরণ সম্পর্কিত**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর অনুমোদিত সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং এসএসসি পরীক্ষা-২০২৬ এর কেন্দ্র সচিবদের নির্দেশক্রমে জানানো যাচ্ছে, ২০২৬ সালের ২১ এপ্রিল থেকে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর নির্দেশনা মোতাবেক শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয় দু'টি অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক) নিয়মিত (২০২৬ সালের সিলেবাস অনুযায়ী) পরীক্ষার্থীদের উল্লিখিত বিষয়সমূহের (শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) ধারাবাহিক মূল্যায়নে মোট নম্বর ৫০ এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) ধারাবাহিক মূল্যায়নে মোট নম্বর ৫০।


খ) অনিয়মিত (২০২৫ সালের সিলেবাস অনুযায়ী) পরীক্ষার্থীদের উল্লিখিত বিষয়সমূহের (শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) ধারাবাহিক মূল্যায়নে মোট নম্বর ১০০ এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) ধারাবাহিক মূল্যায়নে মোট নম্বর ৫০।

গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়ের ব্যবহারিক মোট ২৫ নম্বরসহ পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, ও রেজিস্ট্রেশন নম্বর অনুযায়ী নম্বরফর্দ প্রস্তুত করে আগামী ১৪/০৬/২০২৬ তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে উল্লিখিত বিষয়সমূহের প্রাপ্ত নম্বর অনলাইনে এন্ট্রি নিশ্চিত করবেন।

ইতোমধ্যে যে সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে বিষয় সংশোধন করা হয়েছে তাদের রোল নম্বর সংশোধিত বিষয়ে অন্তর্ভুক্ত না থাকলে 'Insert New Roll' অপশনে ক্লিক করে রোল ও প্রদত্ত নম্বর এন্ট্রি দিয়ে 'Save' দিতে হবে এবং পূর্বের বিষয়ে 'A' দিতে হবে।

বিঃদ্র: ব্যবহারিক পরীক্ষায় প্রদত্ত নম্বর সঠিকভাবে যাচাই করে অনলাইনে এন্ট্রি দিতে হবে এবং এক সেট প্রিন্ট কপি কেন্দ্র সচিব সংরক্ষণ করবেন। এ সংক্রান্ত কোন হার্ডকপি বোর্ডে জমা দিতে হবে না। নির্ধারিত তারিখের পরে ব্যবহারিক/ধারাবাহিক নম্বর এন্ট্রি দেওয়ার কোন সুযোগ প্রদান করা হবে না।

### বিষয়টি অতীব জরুরী

  
২৪/০৫/২০২৬

প্রফেসর ড. মো. শফিকুল ইসলাম  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

কেন্দ্র সচিব

এসএসসি পরীক্ষা -২০২৬

এবং

প্রধান শিক্ষক

কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন

মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

৩। অফিস কপি।